গাংনীর কাথুলী ইউপিতে উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪ টায় ইউনিয়ন পরিষদ হলরুমে ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে ২০২২-২০২৩ অর্থ বছরের ১ কোটি ৮৯ লক্ষ ৮ হাজার টাকার খসড়া বাজেট ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা জন সম্মুখে ঘোষণা করেন কাথুলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত সচিব আব্দুল মতিন।

উন্মুক্ত বাজেট সভায় এলাকার সর্বস্তরের জনসাধারণ ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের আলোকে সংযোজন ও বিয়োজন বিষয়ে আলোচনায় অংশগ্রহন করেন। ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা। জনগণের বিভিন্ন দাবির মধ্যে গুরুত্বপূর্ণ ও জরুরী দাবিগুলোকে প্রাধান্য দিয়ে আগামী দিনের সকল উন্নয়ন কাজে সকলের সহযোগিতা কামনা করেছেন এবং সকলে মিলে একটি মডেল ইউনিয়ন গড়ার প্রত্যয় হয়েছেন।

উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের সকল ইউ পি সদস্য ও সদস্যা বৃন্দ। কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, মোফাজ্জল হক,জিনারুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,ও এলাকার সর্ব স্তরের জনগন।